

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

[মূসক- আইন ও বিধি শাখা]

নথি নং- ৭(৪)মূসক-আইন ও বিধি/২০১১/ ৩২ (১-২৪)

তারিখ: ১৬/০১/২০১৪খ্রিঃ

বিষয় : পাসপোর্ট ও ভিসা প্রদানের বিনিময়ে প্রাপ্ত ফিসের উপর এবং ব্যাংকের ১% কমিশন বাবদ প্রাপ্ত অর্থের উপর প্রদেয় ১৫% মূসক আদায়ের উপর মতামত প্রদান।

- সূত্র : ১। কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব) এর পত্র নং-৪(৬)৩/উৎসে মূসক/ঢাঃপুঃকমিঃ/২০১২/ ৪৭৮(১), তাং-২৯/০৯/২০১৩খ্রিঃ।
২। কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) এর পত্র নং-৪/মূসক(৪৩) ঢাকা (উত্তর)/পাসপোর্ট- বিবধ সেবা/২০১৩/৭৮২(২), তাং-০৫/১১/২০১৩খ্রিঃ।
৩। জাঃরাঃবোঃ এর মূসক-বাস্তঃ সেবা ও আবগারী শাখার পত্র নং-০৮.০১.০০০০.০৭২.০৪.০২৪.১৩/৬৮, তাং- ০১/১২/২০১৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং পত্র মারফত বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা পাসপোর্ট ইস্যু বাবদ যে ফি বা চার্জ গ্রহণ করে তার উপর মূসক আরোপিত হবে কি-না তা জানতে চাওয়া হয়েছে। পাসপোর্ট মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর প্রথম তফসিলভুক্ত পণ্য বা দ্বিতীয় তফসিলে অন্তর্ভুক্ত মূসক অব্যাহতি প্রাপ্ত সেবা নয়। মূসক আইনের ধারা ১৪ এর আওতায় কার্যক্রমটিকে অব্যাহতিও প্রদান করা হয়নি। ফলে আইনের ধারা ৩ এর উপধারা (১) এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮৬ অনুযায়ী পাসপোর্ট ফি বা এর নবায়ন ফি'র উপর ১৫% হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য। পাসপোর্ট অফিসকে সংগৃহীত ফি এর উপর মূসক আদায় করে নিয়মানুযায়ী প্রতিবেদন প্রদান করার জন্য পরামর্শ দিতে অনুরোধ করা হলো।

০২। এছাড়াও পাসপোর্ট ও ভিসা ফিসের উপর সংশ্লিষ্ট ব্যাংকের কমিশন হিসাবে প্রাপ্ত ১% অর্থের উপর ১৫% হারে (সেবা কোড এস০৫৬.০০) মূসক প্রযোজ্য আছে।



[হাছান মুহম্মদ তারেক রিকাবদার]
দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

ই-মেইল: tarek020178@yahoo.com

প্রাপক :

কমিশনার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (পূর্ব), ঢাকা।

অনুলিপিঃ

- ১-১১. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/যশোর/খুলনা/রাজশাহী/কুমিল্লা/সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)।
১২. দ্বিতীয় সচিব (মূসক-বাস্তঃ সেবা ও আবঃ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৪. ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।